# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

بَاب الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ بْنُ يَعِيشَ حَدَّثَنَا يُونُسُ عَنْ صَالِحِ بْنِ رُسْتُمَ الْمُزَنِيِّ عَنْ الْحَسَنِ عَنْ أَبِي مُوسَى أَنَّهُ قَالَ حِينَ قَدِمَ الْبَصْرَةَ بَعَثَنِي إِلَيْكُمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ أُعَلِّمُكُمْ كِتَابَ رَبِّكُمْ وَسُنَّتَكُمْ وَأُنَظِّفُ طُرُقَكُمْ

إسناده ضعيف لعنعنة الحسن البصري

## বাংলা

৫৭৯. হাসান রাহি. হতে বর্ণিত, যখন আবু মুসা রাদ্বিয়াল্লাহু আনহু বাসরায় আগমন করেন, তখন তিনি বলেন: উমার ইবনুল খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে তোমাদের নিকট পাঠিয়েছেন যেন আমি তোমাদেরকে তোমাদের রবের কিতাব ও তোমাদের (নবী’র) সুন্নাত শিক্ষা দেই এবং তোমাদের পন্থাসমূহ পরিষ্কার-পরিশুদ্ধ করে দেই।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। কেননা, হাসান বাসরী ‘আন ‘আন পদ্ধতিতে এটি বর্ণনা করেছেন। (তবে শব্দের হেরফের সহ অনুরূপ হাদীস সহীহ সনদে সংকলন করেছেন ইমাম হাকিম, তার মুসতাদরাক ১/৫৬৭ নং ২০৮৪ তে। সেখানে বাসরার পরবর্তে ইয়ামানের কথা এসেছে।- অনুবাদক)

তাখরীজ: ইবনু আবী শাইবা ৮/৬৭০ নং ৫৯৭৪ মুনকাতি’ সনদে।
(তবে এর সহীহ শাহিদ হাদীস রয়েছে যা ইমাম হাকিম মুসতাদরাক ১/৫৬৭ নং ২০৮৪ তে আবূ মূসা রা: হতে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুয়ায রা: এবং আবূ মূসা রা: কে ইয়ামানে পাঠান এবং লোকদেরকে কুরআন শিক্ষাদান করতে নির্দেশ দেন।” ইমাম হাকিম ও যাহাবী এটিকে বুখারী মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন।-অনুবাদক)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন